

ঢাকা বিশ্ববিদ্যালয়কে শতভাগ আবাসিকীকরণের দাবিতে মানববন্ধন

ঢাকা
বিশ্ববিদ্যালয়
প্রতিনিধি

০৮ সেপ্টেম্বর,
২০২৪ ১৬:০৬

শেয়ার

অ +

অ -



রাজু ভাস্কর্যের পাদদেশে শিক্ষার্থীদের মানববন্ধন। ছবি : কালের কণ্ঠ

ঢাকা বিশ্ববিদ্যালয়কে শতভাগ আবাসিকীকরণ ও প্রথম বর্ষ থেকে বৈধ সিটের দাবিতে মানববন্ধন করেছে ঢাকা

বিশ্ববিদ্যালয়ের একদল শিক্ষার্থী। আজ রবিবার (৮ সেপ্টেম্বর) সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের সন্ত্রাস বিরোধী রাজু

ভাস্কর্যের পাদদেশে এই মানববন্ধন করে শিক্ষার্থীরা।

মানববন্ধনে বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের শিক্ষার্থী ফাতেমা তুজ জান্নাতী দীপার সঞ্চালনায় বক্তব্য প্রদান করেন মনোবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী ফাতিমা ইসলাম বন্যা, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের শিক্ষার্থী আরিফা আক্তার আশা, দর্শন বিভাগের শিক্ষার্থী নুসরাত জাহান নূপুরসহ আরো অনেকে।

মানববন্ধনে ফাতিমা ইসলাম বন্যা বলেন, ‘রাজনৈতিক দখলদারিত্বমুক্ত হওয়ার পরও সিট সংকট দূর না হওয়াই প্রমাণ করে প্রশাসনিক ব্যর্থতা।

তাছাড়া শিক্ষার্থীদের মাথাপিছু বরাদ্দ থেকে হল কর্তৃপক্ষ আমাকে কী কী সুবিধা দিতে পারছে? এবং তার জবাবদিহিতা কোথায়?’

আরিফা আক্তার আশা বলেন, ‘ঢাকা বিশ্ববিদ্যালয় পাবলিক বিশ্ববিদ্যালয়। এখানে উচ্চবিত্ত, মধ্যবিত্ত, নিম্নবিত্ত সবাই পড়াশোনা করে। নিম্ন পরিবারের একজন শিক্ষার্থী কিভাবে বাইরে থাকার খরচ বহন করবে? আবার যারা বাইরে থাকে তাদের নিরাপত্তা নিয়ে কতটুকু চিন্তা করে প্রশাসন?’

নুসরাত জাহান নূপুর বলেন, ‘ঢাকা বিশ্ববিদ্যালয়ে নারী এবং পুরুষ উভয়ই মেধার ভিত্তিতে চান্স পায়। কিন্তু নারী হলের সংখ্যা ৫টি পুরুষ হলের সংখ্যা ১২টি।

এর মাধ্যমে আমরা বুঝতে পারি নারী শিক্ষার্থীদের আবাসন নিয়ে প্রশাসন কতটা উদাসীন।’

আন্তর্জাতিক বিভাগের শিক্ষার্থী আরমানুল হক বলেন, ‘ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রশাসন চাইলেই এই মুহূর্তে আবাসন সংকট সমাধান করতে পারে। এ ক্ষেত্রে তারা শর্ট-টার্ম এবং লং-টার্ম পদ্ধতি ব্যবহার করতে পারে। শর্ট-টার্মে আপাতত ভবন ভাড়া এবং লং-টার্মে নতুন হল নির্মাণ করতে পারেন।